আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদায় ও বরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী ও তিন জন শিক্ষকের বিদায়ী সংবর্ধণা ও নবিন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার দুপুরে বিদ্যালয় প্রাঙ্গনে বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা শিক্ষা অফিসার মনিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা মতিউর রহমান।

স্বাগত বক্তব্য দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন। অন্যদের মধ্যে বক্তব্য দেন সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক আবুল হাসান, রাফিউল ইসলাম, বশির আহমেদ, ফারাহ হোসেন লিটন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী শিক্ষক হাবিবুর রহমান ও রকিবুল ইসলাম। শিক্ষকদের মধ্যে আলহাজ হোসেন ও আফরোজা পারভিন অবসর গ্রহণ করায় এবং সহকারী শিক্ষক শরিফ উদ্দিন অন্যত্র চাকরি হওয়ায় তাদের এবং এসএসসি পরীক্ষার্থীদের শুভ কামনা জানিয়ে বিদায় সংবর্ধণা দেওয়া হয়। একই সঙ্গে ষষ্ঠ শ্রেেণিত ভর্তি হওয়া নবিন শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়।

গাংনীতে ডিসি ইকোপার্কের দুটি দোকানে তালা ভেঙ্গে চুরি

গাংনীর ভাটপাড়া নীলকুঠি জেলা প্রশাসক (ডিসি) ইকোপার্কে দুটি দোকানের তালা ভেঙ্গে মালামাল চুরির ঘটনা ঘটেছে।গতকাল সোমবার

রাতের কোন এক সময় চুরির ঘটনা ঘটে।

দোকান মালিক শফিকুল ইসলাম ও হেলাল উদ্দিন জানান, ইকো পার্কের দোকান ভাড়া নিয়ে ব্যবসা করেন। পার্কে লোকজন দর্শনার্থী না থাকায় ব্যবসাও অনেক মন্দা। তার পরেও দোকান খুলে বসে থাকি। সোমবার সন্ধায় দোকানে তালা লাগিয়ে আমরা বাড়ি চলে যায়। সকালে দোকানে গিয়ে দেখি আমাদের দুজনের দুটি দোকানের তালা ভেঙ্গে বিভিন্ন মালামাল ও নগদ টাকা চুরি হয়েছে। আমরা বিষয়টি গাংনী উপজেলা নির্বাহী অফিসারকে জানিয়েছি। ব্যবসায়ীরা আরও জানান, পার্কে চোরের উপদ্রব বেড়ে যাওয়ায় অনেকই ব্যবসা ছেড়ে দিয়েছে।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম জানান, চুরির বিষয়টি শুনেছি। ঘটনার তদন্ত করা হচ্ছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও পার্ক পরিচালনা কমিটির সভাপতি প্রীতম সাহা জানান, চুরির বিষয়টি আমাকে জানিয়েছে। বিষয়টি পুলিশকে দায়িত্ব দেয়া হয়েছে। চুরির সাথে জড়িতদের সনাত্ব করে আইনের আওতায় আনা হবে।

মেহেরপুরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধার দাফন

রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়ীয়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা ফয়েজ উদ্দীনকে। আজ মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) সকাল ১০ টার সময় বর্শিবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই গার্ড অব অনার প্রদান করা হয়।

মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল গার্ড অব অনার প্রদান করেন। রাষ্ট্রের পক্ষে থেকে সদর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম অভিবাদন গ্রহণ করেন। মুক্তিযোদ্ধা ফয়েজ উদ্দীনের মরদেহ জাতীয় পতাকা দিয়ে আচ্ছ্বাদিত করেন। এসময় বিহ্গলের সুর বেজে ওঠে।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস

সালাম, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন।

বীর মুক্তিযোদ্ধা ফয়েজ উদ্দীনকে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন, বীর মুক্তিযোদ্ধা মাহাতাব আলী, মিনহাজ উদ্দিন, আফজাল হোসেন, জালাল উদ্দিন, গুরুদাস হালদার, আজিজুল হক, মাসুদ আহমেদ, শুকুর আলী, আহাদ আলী, গাংনী উপজেলার খড়মপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম।
পরে গার্ড অব অনার ও নামাজে জানাযা শেষে স্থানীয় গোরস্থানে দাফন সম্পন্ন হয়।

উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা ফয়েজ উদ্দীন গতকাল সোমবার (৫ ফেব্রুয়ারি) দুপুরে বার্ধক্যজনিত কারনে অসুস্থ হয়ে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি হন। পরে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

মুক্তিযোদ্ধা ময়েজ উদ্দিন কয়েকটি জটিল রোগে আক্রান্ত ছিলেন। তার ৫ সন্তান, স্ত্রী বন্ধু বান্ধব ও গুনগ্রাহি রয়েছে। মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়ীয়া গ্রামের মৃত বদর উদ্দীনের ছেলে।

মেহেরপুরে নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরে নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) দুপুর ২ টার সময় নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

মেহেরপুর নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলের চেয়ারম্যান আলহাজ্ব মোঃ

শহীদুল্লাহ শহীদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার সহকারী শিক্ষা অফিসার জহুরুল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোমরপুর অনামিকা আইডিয়াল স্কুলের পরিচালক আনিসুর রহমান টিপু।

এ সময় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর নিউ ওয়ার্ল্ড কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ সামিরা শহিদুল্লাহ ইলা।

এ ছাড়াও উপস্থিত ছিলেন অনিমা হোসেন অন্তরা, সোহানা আক্তার, কাবিদুল, রেহেনা, প্রতিলতা মীম, লিখনসহ স্কুলের শিক্ষার্থীরা ।

মেহেরপুরে জমি সংক্রান্ত বিরোধ নিয়ে সংঘর্ষ, আহত ১০

জমি সংক্রান্ত বিরোধের জের ধরে দু-পক্ষের সৃষ্ঠ সংঘর্ষে ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকসহ উভয় পক্ষের ১০ জন আহত হয়েছেন।আহতদের মধ্যে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল আক্তার রয়েছেন।

অন্যান্য আহতরা হলেন, সদর উপজেলার কালিগাংনী গ্রামের আজিজুর রহমানের ছেলে ফুরকান, নাসির উদ্দিনের ছেলে নাহিদুজ্জামান রাসেল, কামরুল ইসলামের ছেলে আবুল কালাম, আবুল কালামের ছেলে লিজন, মৃত রিয়াজউদ্দিনের ছেলে বদর উদ্দিন, এবং তার ভাই সবদুল ইসলাম।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) সকালের দিকে এই সংঘর্ষের ঘটনা ঘটে। আহতদের মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় বিরোধপূর্ণ জমিতে কালিগাংনী গ্রামের বদরুদ্দিনের নেতৃত্বে তার লোকজন চাষ করতে যান। এ সময় কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল আক্তার বাধা দেন।

এসময় বাবুল আক্তার ও বদর উদ্দিনের মধ্যে বাকবিতন্ডার এক পর্যায়ে

উভয় গ্রুপের লোকজন দেশীয় অস্ত্র লাঠিসোটা নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষে উভয়পক্ষের অন্ততপক্ষে ১০ জন আহত হন।

আহতদের মধ্যে ৭ জনকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হয়েছে। বাকিরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন। এ ঘটনায় উভয়পক্ষই মামলার প্রস্তুতি নিচ্ছেন।

গাংনীর গাড়াবাড়ীয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠান

গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠিত অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (ফেব্রুয়ারি) সকাল ১০ টার সময় গাড়াবাড়ীয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এ নবীন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মোঃ আশরাফ আলীর সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন অত্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক মোঃ মুস্তাকিম রহমান।

এ সময় আরো উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ ইমদাদুল হক, ইয়ারুল ইসলাম, এখলাছ উদ্দিন, জিয়াউর রহমান, নিজান উদ্দিন আব্দুস সালাম, ফাত্তাহুল আলম, মানছুরা খাতুন হুরে জান্নাত, রেজিনা খাতুন, তামান্না কারী সহ আরো অনেকে।

পরে প্রধান শিক্ষক মুস্তাকিম রহমান নতুন বছরে নতুন শিক্ষার্থীদের হাতে ফুল দিয়ে বরন করে নেন ও স্কুলের নিয়ম কানন সম্পর্কে শিক্ষার্থীদের অবগত করেন।

শারীরিক প্রতিবন্ধী ব্যবসায়ীকে বেতনের টাকা তুলে দিলেন–এসিল্যান্ড

অসহায় প্রতিবন্ধী পেয়ারা ব্যবসায়ী পিন্টু মিয়া তার ব্যবসার মুলধন চুরি হওয়ায় যখন দিশেহারা, তখন নিজের বেতনের টাকা তুলে দিয়ে মানবিকতার এক বিশুদ্ধ উদাহরণ সৃষ্টি করলেন মেহেরপুর সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম। শুধু এই অসহায় ব্যবসায়ীর পাশে দাঁড়ানোই নয়, চোরকে ধরতে সব ধরনের প্রচেষ্টা করারও আশ্বাস দেন তিনি।

মেহেরপুর জেলার গাংনী উপজেলার গোপালনগর গ্রামের রাস্তাপাড়া এলাকার তগাই মিয়ার ছেলে শারীরিক প্রতিবন্ধী পিন্টু মিয়া। ভিক্ষার ঝুলি নয়, জীবিকা নির্বাহ করেন ছোট্ট ব্যবসা করে। গ্রাম এলাকা থেকে পেয়ারা সংগ্রহ করে প্রায় ২৫ কিলোমিটার পথ পাড়ি দিয়ে ভ্যানযোগে বিক্রি করতে যান মেহেরপুর জেলা শহরে।

জেলা জজকোর্ট এলাকায় প্রতিদিন পেয়ারা বিক্রি করেই তার পাঁচ সদস্যের পরিবারের জীবিকা নির্বাহ করতে হয়।

গত শুক্রবার পিন্টু মিয়ার সারাদিনের পেয়ার বিক্রির পাঁচ হাজার টাকা কৌশলে চুরি করে নেই চোর। এতে দিশাহারা হয়ে পড়েন পিন্টু মিয়া। প্রতিবন্ধী ব্যবসায়ী পিন্টু মিয়ার টাকা চুরির ঘটনায় অনেকে আফসোস করলেও কেউ এগিয়ে আসেননি তার সহযোগিতায়।

আজ রবিবার বিকালে অফিস শেষে ফিরার সময় অফিসের এক সহকারীর মুখে ঘটনা শুনে ছুটে যান সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম।

ঘটনা শুনে নিজের বেতনের টাকা প্রতিবন্ধী পিন্টু মিয়ার হাতে তুলে দেন তিনি। পুলিশের সহযোগিতা নিয়ে চোরকে চিহ্নিত করে আইনের আওতায় আনারও আশ্বাস দেন সরকারের এই কর্মকর্তা।

অসহায় প্রতিবন্ধী পিন্টু মিয়া জানান, আমি আমার স্ত্রী এবং তিন ছেলে নিয়ে পাঁচ জনের সংসার চলে এই ছোট্ট ব্যবসার উপর। এলাকার প্রত্যন্ত গ্রাম থেকে পেয়ারা কিনে নিজেই ভ্যান চালিয়ে শহরে

বিক্রি করতে আসি। গত শুক্রবার সারাদিনের বিক্রি করা ৫ হাজার টাকা চুরি করে নেই চোর। ব্যবসার মুলধন চুরি হওয়ায় আমি দিশেহারা হয়ে পড়েছি। গত দুইদিন এলাকা থেকে পেয়ারা বাকিতে কিনে এনে বিক্রি করছিলাম। পেট তো থেমে থাকেনা। আমার আয়ের উপর পাঁচটি মুখ চেয়ে থাকে। এসিল্যান্ডের টাকা পেয়ে খুশি পিন্টু মিয়া। এই টাকা দিয়ে আবারও ভালো করে ব্যবসা করতে পারবেন বলে জানান তিনি।

সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম বলেন, আমার অফিসের এক সহকারীর মুখে থেকে ঘটনা শুনে তার কাছে আসি। সব শুনে তার ব্যবসার জন্য বেতনের কিছু টাকা দিয়ে তার পাশে দাঁড়ানোর চেষ্টা করেছি। তিনি আরও বলেন, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) সাথে কথা বলে চোর সনাক্ত ও আইনের আওতায় আনার চেষ্টা করবো।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া বলেন, ঘটনাটি আমি শুনেছি। চোরকে সনাক্ত করে তাকে আইনের আওতায় আনা হবে।

উল্লেখ্য, সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম এসিল্যান্ড হিসেবে যোগদানের পর সরকারি দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক সচেতনতা বাড়ানোর কিছু গুরুত্বপূর্ণ কাজ করে যাচ্ছেন। ইতোমধ্যে মেহেরপুর শহরের পৌরসভার সামনে ওভারলোডেট লাটাহাম্বার চাকায় স্পৃষ্ট হয়ে একজন নিহত হওয়ার পরপরই স্ব উদ্যোগে শহরে এসব অবৈধ গাড়ি নিয়ন্ত্রণে অভিযান ও রাস্তার পাশে অবৈধভাবে বালির স্তুপ রেখে জনভোগান্তি সৃষ্টির জন্য অভিযান শুরু করেছেন। কিছুদিনের মধ্যেই মেহেরপুর শহরের পরিস্কার করবেন বলে জানান তিনি।

গাংনীর রামকৃষ্ণপুরে ৬ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর রামকৃষ্ণপুরে ৬ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ীকে আটকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আজ রবিবার বিকেলে রামকৃষ্ণপুরে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ

(এসআই) সাহেব আলীর নেতৃত্বে, এ এস আই আবুল কালাম আজাদ, ও এ এস আই শামসুর রহমান, এ এস আই শ্রী অমল চন্দ্র , সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটককৃত হলেন মোঃ রিয়জ উদ্দিন(২৪) মোঃ মজির উদ্দিনের ছেলে।

পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয় মজির উদ্দিনের বাড়ির পাশে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করা ও তার দেহ তল্লাশি করে ৬ গ্রাম হেরোইনসহ আটক করা হয়। এছাড়াও মোঃ রিয়জ উদ্দিন একজন চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হবে।

আমঝুপিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ ও বাল্যবিবাহ রোধে ইয়ুথ ফোরাম নানা ভাবে কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করছে”।

তার ধারাবাহিকতায় আজ রবিবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে ইয়ুথ ফোরাম এর দায়-দায়িত্ব বিষয়ক প্লানিং ও ওরিয়েন্টেশন সভার আয়োজন করা হয় ।

গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসূচী বাস্তবায়ন করছে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের নির্বাহী প্রধান আশাদুজজ্জামান

সেলিমের সভাপতিত্বে মেহেরপুর জেলার সার্বিক শিক্ষার সুযোগ, শিক্ষার বাস্তবতা, ঝরেপড়া রোধ, শিশুদের বিদ্যালয়ে আনন্দঘন পরিবেশে পাঠদান, বিদ্যালয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করতে এবং বাল্যবিবাহ রোধে ইয়ুথদের ভূমিকা বিষয়ে আলোচনা করা হয়।

এসময় মানব উন্নয়ন কেন্দ্র মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা, প্রকল্পের সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা সূর্য, গণমাধ্যমকর্মী সহ মেহেরপুর সদর উপজেলার আমদহ, আমঝুপি ও বারাদী ইউনিয়নের যুব প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরে পলাশীপাড়ার সমাজ কল্যাণ সমিতির মোনাখালী সমৃদ্ধি শাখার উদ্যোগে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

দারিদ্র দূরীকরণের লক্ষ্যে “দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচীর আওতায়”পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)এর অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর বাস্তবায়নে, যশোর আদ দ্বীন চক্ষু হাসপাতাল পরিচালনায় রবিবার সকালে মোনাখালী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে এই চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়।

উক্ত চক্ষু ক্যাম্প, চক্ষু ক্যাম্পে ১৬৭ জন চক্ষু রোগীর চিকিৎসা প্রদান করা হয় এর মধ্য থেকে ৩১ জন চোখের সানিপড়া রোগীকে বাছাই করে বিনামূল্যে সানি অপারেশন করা হবে।মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চক্ষু ক্যাম্পের উদ্বোধন করেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন মোনাখালী প্রবীণ ইউনিয়ন কমিটির সভাপতি আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক অশকার মিয়া, উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী হাসানুজ্জামান, স্বাস্থ্য কর্মকর্তা